# বাজেট

## অর্থ বছর ২০১৮-২০১৯

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| প্রথম অধ্যায় | |
| মাননীয় প্যানেল মেয়রের বাজেট বক্তৃতা | ১-৬ |
| দ্বিতীয় অধ্যায় | |
| এক নজরে বাজেট | ০৭ |
| বাজেটের রাজস্ব আয়সহ অন্যান্য আয়ের বিবরণ | ০৮ |
| বাজেটের রাজস্ব ব্যয়সহ অন্যান্য ও উন্নয়ন ব্যয়ের সারাংশ | ০৯ |
| বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ | ১০-১২ |
| বাজেটের উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বিবরণ | ১৩-১৪ |
| উন্নয়ন বাজেটের ১০ নম্বর ক্রমিকের সরঞ্জাম, যন্ত্রপাতি ও সম্পদ ক্রয়ের বিস্তারিত বিবরণ (পরিশিষ্ট "ক") | ১৫ |
| সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের বিবরণ (পরিশিষ্ট "খ") | ১৬ |

### বিসমিল্লাহির রহ্‌মানির রহিম

ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সম্মানিত প্রতিনিধিবৃন্দ, সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ, ডিএনসিসির সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং উপস্থিত সুধীমন্ডলী

আসসালামু আলাইকুম

২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট ঘোষণা উপলক্ষে আয়োজিত আজকের এ সংবাদ সম্মেলনে আপনাদের স্বাগত জানাচ্ছি। আমি শ্রদ্ধার সাথে স্মরণ করছি ডিএনসিসির প্রয়াত মেয়র মরহুম আনিসুল হককে। যার নেতৃত্বে একটি পরিচ্ছন্ন, সবুজ, নিরাপদ, স্মার্ট, আলোকিত ও মানবিক ঢাকা গড়ে তোলার অভিযাত্রা শুরু করেছিলাম। তার অসমাপ্ত কাজ সমাপ্ত করার লক্ষে আমাদের সকল সম্মানিত কাউন্সিলর ও ডিএনসিসির সকল কর্মকর্তা, কর্মচারীগণ নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। আমি আন্তরিকভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং ডিএনসিসির সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারীবৃন্দকে। ডিএনসিসিকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীকে কৃতজ্ঞতা জানাচ্ছি। প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদানের জন্য বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আমি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ।

**সুধিমন্ডলী**

আপনারা জানেন যে, ডিএনসিসির উত্তর পশ্চিমে অবস্থিত হরিরামপুর ইউনিয়ন এবং পূর্বাঞ্চলের উত্তরখান, দক্ষিনখান, বাড্ডা, বেরাইদ, ডুমনি, সাতারকুল ও ভাটারা ইউনিয়ন সমুহ ১৮ টি ওয়ার্ডে বিভক্ত করে ডিএনসিসির অন্তর্ভুক্ত করা হয়। ফলশ্রুতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আয়তন ৮২.৬২ বর্গ কি.মি. হতে বৃদ্ধি পেয়ে ১৯৬.২২৮ বর্গ কিলোমিটার হয়েছে। এ বিশাল এলাকার অবকাঠামো উন্নয়ন, মার্কেট নির্মাণ, কবরস্থান উন্নয়ন, মশক নিধন ও বর্জ্যকে সংগ্রহ করে পরিবেশ সম্মতভাবে ব্যবস্থিত করা সত্যিই অত্যন্ত দূরহ কাজ।

**সম্মানিত উপস্থিতি**

পরিচ্ছন্ন নগর গড়তে জনগণের অংশ গ্রহন প্রয়োজন। এ জন্য ডিএনসিসি তার কর্মকান্ড বিভিন্ন কমিউনিটিকে সম্পৃক্ত করার পরিকল্পনা নিয়েছে। ইতোমধ্যে বারিধারা, নিকেতন ও গুলশান সোসাইটি ডিএনসিসির সহযোগিতায় তাদের নিজ নিজ এলাকার পরিচ্ছন্নতার দায়িত্ব নিয়েছে। বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে ডিএনসিসির ৮টি ওয়ার্ডে বেসরকারী প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা হয়েছে। এ ৮টি বেসরকারী প্রতিষ্ঠান প্রায় ৩৫%-৪০% বর্জ্য পরিবহনে অবদান রাখছে। এছাড়া ডিএনসিসিতে নতুন সংযোজিত ১৮টি ওয়ার্ডের বর্জ্য ব্যবস্থাপনার কার্যক্রম বেসরকারীভাবে পরিচলনার জন্য প্রক্রিয়াধীন। পূর্বে ডিএনসিসির প্রতিটি সড়কের উপর কন্টেইনার রেখে বর্জ্য সংগ্রহ করা হতো। এ ব্যবস্থা নগরবাসীর জন্য চরম ভোগান্তি ও বিরক্তিকর ছিল। নগরবাসীর নির্বিঘ্ন চলাচল নিশ্চিতকরণ ও নির্দিষ্ট স্থানে বর্জ্য সংগ্রহ করার নিমিত্ত ইতোমধ্যে ৫২টি সেকেন্ডারী ট্রান্সফার ষ্টেশন নির্মাণ করা হয়েছে। জায়গা প্রাপ্তি সাপেক্ষে ডিএনসিসির প্রতিটি ওয়ার্ডে ২টি করে সর্বমোট ৭২টি সেকেন্ডারী ট্রান্সফার ষ্টেশন নির্মাণ করার পরিকল্পনা রয়েছে।

**সুধীমন্ডলী**

জাপান সরকারের সহায়তায় জাইকার আর্থিক অনুদানে বিভিন্ন ধরনের ৫৬টি বর্জ্যবাহী ট্রাক ডিএনসিসি'র বহরে সংযুক্ত হয়েছে। উক্ত ট্রাক ব্যবহার করা হলে ডিএনসিসি'র বর্জ্য পরিবহন ক্ষমতা দৈনিক ১০০০ টন বৃদ্ধি পাবে। ল্যান্ডফিলে সুষ্ঠুভাবে বর্জ্য ড্রেসিং কাজের স্বার্থে ৪টি এক্সেভেটর (লং আর্ম সহ), ৩টি চেইন ডোজার এবং ২টি হুইল ডোজার চলতি অর্থ বছরে ক্রয় করা হয়েছে, যা বর্তমানে আমিন বাজার ল্যান্ডফিলে ব্যবহার করা হচ্ছে। নগরীর নর্দমা দ্রুত ও কার্যকরভাবে পরিস্কার কাজে নিয়োজিত অত্যাধুনিক জেট এন্ড সাকার মেশিনের সাথে আরো একটি জেট এন্ড সাকার মেশিন ইতিমধ্যে সংগৃহীত হয়েছে। যার ফলে বেশী সংখ্যক নর্দমার পরিস্কার কাজ অল্প সময়ে সহজে করা সম্ভব হবে। ধুলাবালি মুক্ত ও পরিস্কার রাখার জন্য ১টি আধুনিক রোড সুইপার ক্রয় করা হয়েছে যা বর্তমানে প্রধান প্রধান সড়কের পরিস্কার কাজে সফলভাবে ব্যবহৃত হচ্ছে।

**সম্মানিত উপস্থিতি**

সড়ক, ফুটপাত ও নর্দমা নির্মাণ ও উন্নয়ন, মার্কেট নির্মাণ, অবকাঠামো উন্নয়ন, কবরস্থান উন্নয়ন এবং সড়কে সোলার এলইডি টাইপ স্ট্রিট লাইট স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যমান ১৩৪০ কি.মি. সড়ক, ১১০০ কি.মি. উন্মুক্ত নর্দমা/পাইপ নর্দমা এবং ৩২৫ কি.মি. ফুটপাতের মধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি ও নিজস্ব অর্থায়নে ১৪০ কি.মি. সড়ক, ১৫৫ কি.মি. উন্মুক্ত নর্দমা/পাইপ নর্দমা এবং ৭৫ কি.মি. ফুটপাত উন্নয়ন ও সংস্কারের কাজ সম্পন্ন করা হয়েছে। তাছাড়াও নিজস্ব অর্থায়নে ৩টি পার্ক, ৩টি খেলার মাঠ উন্নয়ন, ৬টি পাবলিক টয়লেট নির্মাণ, ৩ টি ফুটওভার ব্রীজ নির্মাণ, ৪টি ট্রাফিক সিগনাল স্থাপন, ৫০০০টি সড়ক বাতি স্থাপন, ৩টি কবরস্থান উন্নয়ন, অঞ্চল-৩ এর জন্য ৯তলা বিশিষ্ট দৃষ্টিনন্দন আঞ্চলিক কার্যালয় নির্মাণ, ৪ তলা পর্যন্ত মিরপুর শাহ-আলী মার্কেটের ২য় ফেইজ নির্মাণ, বিমানবন্দর ইন্টারসেকশনে দৃষ্টিনন্দন ১টি ফুটওভার ব্রীজ নির্মাণ ও অন্যান্য উন্নয়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে।

**সুধিমন্ডলী**

রূপকল্প ২০২১ বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী ডিজিটাল বাংলাদেশ গঠনকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে নগর ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং মাইক্রোসফট এর তত্ত্বাবধানে নারী উদ্যোগতাদের হার্ডওয়ার ও সফটওয়ার প্রশিক্ষণ দেয়া হয়। প্রতিটি আঞ্চলিক কার্যালয়ে সফটওয়ারের মাধ্যমে অনলাইনে জন্ম নিবন্ধন সার্টিফিকেট প্রদান কার্যক্রম চালু রয়েছে। ইতোমধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ই ইলেকট্রনিক্স গর্ভনমেন্ট (e-gp) পোর্টালের মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া ১০০% চালু করা হয়েছে।

**সম্মানিত সুধি**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সকল হোল্ডিং মালিককে কম্পিউটারাইজড বিল বহি প্রদান করা হচ্ছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগ ও হিসাব বিভাগের অটোমেশন কার্যক্রম চলমান রয়েছে। রাজস্ব বিভাগের অটোমেশনের মাধ্যমে নগরবাসী অনলাইনে হোল্ডিং ট্যাক্স পরিশোধ করতে পারবেন। অনলাইন এর মাধ্যমে সহজ ও স্বল্প সময়ে নগরবাসীকে ট্রেড লাইসেন্স প্রদান করা প্রক্রিয়াধীন রয়েছে। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, পে-রোল, বায়োমেট্রিক এন্ট্রির সফটওয়ার প্রচলন করা হয়েছে। রাজস্ব আয় বাড়ানোর লক্ষ্যে ডিএনসিসি বিভিন্ন হোল্ডিং এর সঠিক পরিসংখ্যান/তথ্যাদি উদঘাটনে আধুনিক মানের Graphics Information System (GIS) সংযোজন করা প্রক্রিয়াধীন রয়েছে। সিটি কর্পোরেশনের সকল কার্যক্রম ২৪ ঘন্টা মনিটরিং করার লক্ষ্যে ড্যাসবোর্ডের মাধ্যমে সেন্ট্রাল মনিটরিং কন্ট্রোল রুম স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে।

**সম্মানিত উপস্থিতি**

মশক নিধন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে ১৮ কোটি টাকা ব্যয়ে মশক যন্ত্রপাতি ও কীটনাশক এবং জলাশয়ের কচুরীপানা পরিস্কার করা হয়েছে। মশক নিধন কার্যক্রম নিরবিচ্ছিন্ন করতে ১৫০টি হস্তচালিত স্প্রে মেশিন, ১৫০টি ফগার মেশিন এবং ১০টি হুইল ব্যারো মেশিন ক্রয় করা হয়েছে। তাছাড়া ডেঙ্গু বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০৩ (তিন) লক্ষ লিফলেট, ২০০০ ( দুই হাজার) টি ফেস্টুন এবং ৫০০ (পাঁচশত) টি ব্যানার প্রস্তত এবং বিতরণ করা হয়েছে।

**সুধীবৃন্দ**

নগরবাসীর জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতকল্পে মহানগরীতে খাদ্য ব্যবসায়ীদের ধারাবাহিক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। পবিত্র রমজান মাসে প্রধান স্বাস্থ্য কর্মকর্তার নেতৃত্বে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর সহযোগীতায় ভেজাল বিরোধী অভিযান পরিচালনা করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় ইপিআই কার্যক্রমের মাধ্যমে ২০১৭ খ্রিস্টাব্দে প্রায় ৮৫,০০০ (পঁচাশি হাজার) ২ বছরের কম বয়সী শিশুদের টিকা দ্বারা প্রতিরোধযোগ্য রোগের টিকা প্রদান করা হয়েছে। এছাড়া গত ১৪ জুলাই-২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পইনে ১২-৫৯ মাস বয়সী ৪৪৮২৩৫ জন শিশুকে IU ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ৬-১১ মাস বয়সী ৮২০০০ শিশুকে ১ লক্ষ IU ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে।

### সুধিমন্ডলী

দূর্যোগ ঝুঁকি হ্রাস ও প্রশমন কল্পে সক্ষমতা অর্জন ও সমন্বিত মোকাবেলা কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়িত আরবান রিজিলিয়েন্স প্রকল্প-ডিএনসিসি পার্ট এর অধীনে ইতোমধ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ৫টি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ৩টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এ ১১টি ইমারজেন্সী ম্যানেজমেন্ট ওয়্যারহাউজ নির্মিত হয়েছে। এছাড়া সিটি কর্পোরেশন গুলির জন্য বিভিন্ন ধরনের ভারী যন্ত্রপাতি, এম্বুলেন্স ও মরচুয়ারী-ভ্যান ক্রয় করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর জন্য ২২টি Emergency Rescue Vehicle, ৫টি Water Rescue Vehicle, ৩টি Drone, Personal Protective Equipment, Breathing Apparatus Vehicle, ৩টি Turn Table Ladder VHF ও HF Radio Communication System ক্রয় করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ঢাকা ও সিলেটে Command ও Control room এবং সিলেট সিটি কর্পোরেশনের নগর ভবনে Emergency Operation Center নির্মাণের কাজ চলছে।

### সম্মানিত উপস্থিতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্মুক্তস্থান সমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন সংক্রান্ত জিওবি প্রকল্পের আওতায় ২২টি পার্ক, ৪টি খেলার মাঠ, ৪টি কবর স্থান, ৭৩টি আধুনিক পাবলিক টয়লেট ও ৪টি জবাইখানা, নির্মাণের ব্যবস্থা রয়েছে। ইতোমধ্যে ২টি পার্ক ও ২টি খেলার মাঠের নির্মাণ কাজ শুরু হয়েছে। অবশিষ্ট পার্ক, খেলার মাঠ ও স্থাপনা গুলির চূড়ান্ত ডিজাইন এর কাজ চলছে। পার্ক ও খেলার মাঠগুলির ডিজাইন প্রক্রিয়ায় Participatory Rapid Approval (PRA) ও Mine craft Tool ব্যবহারের মাধ্যমে সব শ্রেণীর ব্যবহারীর চাহিদা গ্রহণ করে ডিজাইন করা হচ্ছে।

### জিওবি অর্থায়নে ৩৮১.৯৫ কোটি টাকা ব্যয়ে ২০১৭-১৮ অর্থবছরে ৩টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে যা নিম্নরূপ-

১. ২২৪.৬৯ কোটি টাকা ব্যয়ে "গুলশান, বনানী, বারিধারা কূটনৈতিক এলাকার সড়ক, নর্দমা ও ফুটপাত নির্মাণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কাজ জুন,২০১৮ তে সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ৪৭ কি.মি. রাস্তা, ২৫ কি.মি. পাইপ ড্রেন, ৬৬ কি.মি. খোলা ড্রেন এবং ৭৩ কি.মি. ফুটপাত নির্মাণ ও উন্নয়ন করা হয়েছে। প্রকল্পটির মাধ্যমে গুলশান, বনানী ও বারিধারা এলাকার যোগাযোগ ও ড্রেনেজ ব্যবস্থার উন্নতিসহ কূটনৈতিক এলাকা হিসেবে বিদেশীদের নিকট দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে।

২. ১৩১.৫০ কোটি টাকা ব্যয়ে "উত্তরা মডেল টাউনের ১ ও ৩-১৪ নং সেক্টরের রাস্তা, ড্রেন ও ফুটপাতের উন্নয়ন ও নির্মাণ শীর্ষক" প্রকল্পটি জুন, ২০১৮ তে সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ৩৫ কি.মি. রাস্তা, ৬৩ কি.মি. নর্দমা এবং ২৪ কি.মি. ফুটপাত নির্মাণ ও উন্নয়ন করা হয়েছে। প্রকল্পটির মাধ্যমে উত্তরা এলাকায় যানবাহন চলাচল সহজতর এবং নিরাপদ হয়েছে।

৩. ২৫.৭৬ কোটি টাকা ব্যয়ে "রোকেয়া স্মরণীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে মিরপুর রোডের গণভবন পর্যন্ত পূর্ব-পশ্চিম সংযোগ সড়ক উন্নয়ন ও প্রসস্থকরণ শীর্ষক" প্রকল্পটি জুন/২০১৮ তে সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ৩ কি.মি. রাস্তা, ৪ কি.মি. নর্দমা ও ৬ কি.মি. ফুটপাত নির্মাণ ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকায় পূর্ব-পশ্চিমে কার্যকরী সড়ক নেটওর্য়াক সৃষ্টি করা হয়েছে।

### জিওবি অর্থায়নে ৩৬৮২.২৪ কোটি টাকা ব্যয়ে ৯টি প্রকল্পের কাজ চলমান রয়েছে; যা নিম্নরুপঃ-

১. ১০২৫.৮৬ কোটি টাকা ব্যয়ে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন ক্ষতিগ্রস্থ সড়ক অবকাঠামো উন্নয়নসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" প্রকল্প চলমান রয়েছে; যা ডিসেম্বর/২০১৮ তারিখে সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের আওতায় ইতোমধ্যে ১১৩ কি.মি. রাস্তা, ১৩২ কি.মি. নর্দমা ও ৪৭ কি.মি. ফুটপাত নির্মাণ ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। আরও ৯১ কি.মি. রাস্তা, ১৩৫ কি.মি. নর্দমা ও ৭২ কি.মি. ফুটপাত নির্মাণ ও উন্নয়নের কাজ চলমান আছে। উক্ত প্রকল্পের মাধ্যমে মিরপুর এলাকায় যানবাহন চলাচল সহজতর এবং জলাবদ্ধতা হ্রাস পাবে।

২. ৭৪৬ কোটি টাকা ব্যয়ে আরবান রিজিলিয়েন্স প্রজেক্ট (ইউআরপি, ডিএনসিসি অংশ) প্রকল্প চলমান রয়েছে; যা জুন/২০২০ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ভূমিকম্প ও অন্যান্য দূর্যোগ মোকাবেলায় ০১ টি Emergency operating center এবং কয়েকটি Disaster management office স্থাপন করা হবে এবং বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা হবে।

৩. ২৭৯.৫০ কোটি টাকা ব্যয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্মুক্ত স্থান সমূহের আধুনিকায়ন উন্নয়ন ও সবুজায়ন প্রকল্প চলমান রয়েছে; যা জুন, ২০১৯ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ২২(বাইশ) টি পার্ক এবং ৪ (চার) টি খেলার মাঠ উন্নয়ন, ১৫ (পনের ) টি ফুটওভার ব্রিজ উন্নয়ন ও সৌন্দর্যকরণ, ৭৩ (তিয়াত্তর) টি স্বাস্থ্যকর পাবলিক টয়লেট নির্মাণ এবং ৪ (চার) টি কবরস্থান উন্নয়ন কাজ করা হবে।

৪. ৪৪২.১৪ কোটি টাকা ব্যয়ে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় এলইডি সড়কবাতি, সিসিটিভি ক্যামেরা ও সিসিটিভি কন্ট্রোল সেন্টার সরবরাহ ও স্থাপন" শীর্ষক প্রকল্পের কাজ চলমান আছে; যা জুন/২০১৯ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ডিএনসিসি এলাকায় ৪০০০০টি আধুনিক এলইডি সড়ক বাতি স্থাপন করা হবে।

৫. ৬১২ কোটি টাকা ব্যয়ে "ইসিবি চত্ত্বর হতে মিরপুর পর্যন্ত সড়ক প্রশস্থকরণ ও উন্নয়ন এবং কালশী মোড়ে ফ্লাইওভার নির্মাণ শীর্ষক" প্রকল্পের কাজ চলমান আছে; যা জুন/২০১৯ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ৩.৭০ কি.মি. সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন এবং কালশী মোড়ে ৮৪৪ মিটার ফ্লাইওভার নির্মাণ করা হবে। প্রকল্পের মাধ্যমে মিরপুর, পল্লবী, ঢাকা ক্যান্টনমেন্ট, উত্তরা ও মহাখালির মধ্যে সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নতকরণ করা হবে।

৬. ২৪.১৮ কোটি টাকা ব্যয়ে "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন কাজের জন্য এসফল্ট প্ল্যান্ট সংশ্লিষ্ট যান যন্ত্রপাতি ক্রয় এবং স্থাপন" শীর্ষক প্রকল্প; যা অক্টোবর, ২০১৮ তে সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে গাবতলীতে ০১ টি অত্যাধুনিক এসফল্ট প্ল্যান্ট স্থাপন ও আনুসাঙ্গিক যান যন্ত্রপাতি ক্রয় করা হবে।

৭. ২৪.৮৩ কোটি টাকা ব্যয়ে ঢাকা তেজগাঁও সাতরাস্তা মোড় থেকে উত্তরার হাউজ বিল্ডিং পর্যন্ত ১১ (এগার) টি ইউটার্ণ নির্মাণ কাজ চলমান আছে; যা জুন/২০১৮ তে সমাপ্ত হবে। উক্ত প্রকল্পটি যানজট নিরসনে সহায়ক ভূমিকা রাখবে।

৮. ১৭৭.৭৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনারবাসীদের জন্য বহুতলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্প চলমান আছে; যা জুন/২০১৯ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৭৮৪ জন ক্লিনার কর্মীর জন্য ৪ টি ১৫ তলা আবাসিক ভবন নির্মাণ এবং একটি স্কুল নির্মাণ কাজ করা হবে।

৯. ঢাকা শহরের মহাখালী, যাত্রাবাড়ী ও আমিন বাজার এ ৩টি পাইকারী কাঁচা বাজারের অবশিষ্ট কাজ ডিএনসিসি-র নিজস্ব অর্থায়নে চলমান আছে, যা জুন ২০১৯-এ শেষ হবে।

**ভবিষ্যৎ পরিকল্পনা/প্রকল্পসমূহঃ**

২০২০ সালের পর ঢাকা মহানগরীর বর্জ্য ডিসপোজাল করা হবে সবচেয়ে বড় চ্যালেঞ্জ। চ্যালেঞ্জ মোকাবেলার জন্য আমিন বাজার ল্যান্ডফিলের সম্প্রসারনসহ আধুনিকীকরণ নামে ৮২৬ কোটি টাকা ব্যয়ে এবং নতুন সংযোজিত ১৮টি ওয়ার্ডসহ বর্ধিতাংশের জন্য ১৩১৯ কোটি টাকা ব্যয়ে "রিসোর্স রিকভারী ফ্যাসিলিটিজসহ নাসিরাবাদ এলাকায় একটি আধুনিক ল্যান্ডফিল" নির্মাণের লক্ষ্যে দুইটি ডিপিপি প্রস্তুত করে অনুমোদনের জন্য ইতোমধ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুন ভাবে অর্ন্তভূক্ত ১৮ (আঠারো) টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন (ফেজ-১) প্রকল্পের আওতায় ১৬১ কি.মি. সড়ক নেটওয়ার্ক উন্নয়নের মাধ্যমে যান চলাচলের নিরাপত্তাবৃদ্ধি ও যানজট নিরসন, ২২২ কি.মি. নর্দমা স্থাপন এবং ২৮ কি.মি. খাল উন্নয়নের মাধ্যমে জলাবদ্ধতা নিরসন এবং যান ও পথচারি চলাচলের সুবিধার্থে পরিবেশ বান্ধব উন্নত প্রযুক্তির ১১২২৪ সংখ্যক এলইডি রাস্তার বাতি স্থাপনের মাধ্যমে কার্বন নিঃসরন ও বিদ্যুৎ অপচয় হ্রাস করা হবে।

- বর্জ্যের রির্সোস রিকোভারী সুবিধাদিসহ ডিএনসিসির বর্ধিতাংশের জন্য আধুনিক স্যানিটারি ল্যান্ডফিল নির্মাণ প্রকল্প এর আওতায় বর্জ্য পরিবেশ বান্ধব ও মান সম্মত উপায়ে সংগ্রহ, পরিবহন ও নির্দিষ্ট স্থানে ডিসপোজাল এর ব্যবস্থাকরণ, বর্জ্যে কার্বন নিঃসরণের পরিমাণ কমানো এবং রিসোর্স রিকভারী সুবিধা স্থাপনের মাধ্যমে বর্জ্যের পরিমাণ কমিয়ে সম্পদে রুপান্তর করা হবে।

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন অঞ্চলের সড়ক, নর্দমা ফুটপাতসহ পরিবেশ উন্নয়ন ও সড়ক নিরাপত্তা প্রকল্পের আওতায় ৯১ কি.মি. রাস্তা, ১২২ কি.মি. নর্দমা, ৮৩ কি.মি. ফুটপাত এবং ১১ কি.মি. মিডিয়ান নির্মাণ ও উন্নয়ন এবং ১টি বক্স কালভার্ট নির্মাণ করা হবে।

- বর্জ্য ব্যবস্থাপনার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে রির্সোস রিকভারী সুবিধাসহ আমিনবাজার ল্যান্ডফিলের সামগ্রিক উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প এর আওতায় বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন তথা বর্জ্য ভস্মীকরণ এর মাধ্যমে ভূমির উপর চাপ কমানো হবে।

- মিরপুর দারুস সালাম রোড হতে কচুক্ষেত হয়ে কাকলী এবং মাটিকাটা পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ প্রকল্পের আওতায় পূর্ব-পশ্চিমে সংযোগ সড়ক (৬.২ কি.মি.) নির্মাণের মাধ্যমে ট্রাফিক যানজট হ্রাস করা এবং ড্রেইনেজ ব্যবস্থা নির্মাণের মাধ্যমে রাস্তা এবং তৎসংলগ্ন এলাকায় জলাবদ্ধতা দূর করার পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাড্ডা এলাকায় বহুতলা বিশিষ্ট সেবক কলোনী নির্মাণ প্রকল্পের মাধ্যমে ডিএনসিসিতে কর্মরত ২২৪ জন ক্লিনারদের উন্নত ও স্বাস্থ্যসম্মত আবাসন সুবিধা প্রদান এবং ক্লিনারদের কর্মদক্ষতা বৃদ্ধির মাধ্যমে নগরবাসীকে উন্নততর সেবা প্রদান করা হবে।

- বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর অর্থায়নে "ঢাকা সমন্বিত নগর উন্নয়ন " প্রকল্প এর উত্তরা এলাকার প্রায় ৫.৭ কি.মি. রাস্তা, ১১.৪ কি.মি. নর্দমা, ১১.৪ কি.মি. ফুটপাত এবং ২.১ কি.মি. রোড মিডিয়ান নির্মাণ, বর্জ্য ব্যবস্থাপনার জন্য রোড সুইপিং মেশিনসহ বিভিন্ন যন্ত্রপাতি ক্রয় এবং ট্রেড লাইসেন্স আধুনিকায়নসহ বিভিন্ন ই-গভর্নেন্স সার্ভিস প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে।

**সম্মানিত সুধি**

২০১৫-২০১৬ অর্থ বছরে জিওবি প্রকল্পের বিপরীতে ১০২৯ কোটি ৬৫ লক্ষ টাকার স্থলে ৬৫৯ কোটি ৭৯ লক্ষ টাকা ছাড় হয়েছে। ৩৬৯ কোটি ৮৬ লক্ষ টাকা কম ছাড় হওয়ায়, কর সমতা বন্ধ থাকায় এবং মহাখালী কাঁচা বাজার প্রকল্পের দোকান বরাদ্দ না দিতে পারায় মোট প্রায় ৫০০ কোটি টাকা কম পাওয়ার ফলে ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে ২৩৮৪ কোটি ৮০ লক্ষ টাকা হতে ১৬৭৮ কোটি ২১ লক্ষ টাকার সংশোধিত বাজেট চূড়ান্ত করা হয়েছে।বাজেট বাস্তবায়নের হার ৭০%।

**প্রিয়সাংবাদিক বন্ধুগণ**

২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য রাজস্ব ও উন্নয়নসহ মোট ২৫৬৭ কোটি ৪৫ লক্ষ টাকার যে বাজেট কাউন্সিলর সভার মাধ্যমে চূড়ান্ত হয়েছে আজ তা সম্মানিত নগরবাসীকে আপনাদের মাধ্যমে জ্ঞাত করানোর জন্য উপস্থাপন করছি। এ অর্থবছরে নিজস্ব উৎস থেকে আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৮৫৭ কোটি ২০লক্ষ টাকা। এর মধ্যে হোল্ডিং ট্যাক্স বাবদ আয়ের প্রাক্কলন করা হয়েছে ৪০০ কোটি টাকা যা মোট রাজস্ব আয়ের ৪৬.৭ %। মহাখালী ও আমিনবাজারে অবস্থিত সিটি কর্পোরেশনের বাজার হতে সালামী বাবদ ৫০ কোটি টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ ৬০ কোটি টাকা এবং সম্পত্তি হস্তান্তর বাবদ ২০০ কোটি টাকা পাওয়ার আশা করছি। সরকারি উন্নয়ন অনুদান হিসেবে ২০০ কোটি টাকা এবং সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প থেকে প্রায় ১৩০০ কোটি টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে।

**সাংবাদিক বন্ধুগণ**

আমি ২০১৬-২০১৭ অর্থবছরের ব্যয়ের উল্লেখযোগ্য খাতসমূহ উল্লেখ করছি । কর্মকর্তা কর্মচারিদের বেতন ভাতা, নগরীর বর্জ্য ব্যবস্থাপনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ, মশক নিয়ন্ত্রণ, জ্বালানী, পানি ও বিদ্যুৎসহ অন্যান্য খাতে বার্ষিক রাজস্ব ব্যয় ৪৩৬ কোটি ৪০ লক্ষ টাকার প্রাক্কলন করা হয়েছে । নগরবাসীর স্বাচ্ছন্দ্যের প্রতি লক্ষ্য রেখে এ বাজেটে নিজস্ব অর্থায়নে সড়ক ,ফুটপাত ও ড্রেন খাতে ১৮০ কোটি টাকাসহ সড়ক ও ট্রাফিক অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাতে মোট ২৬৪ কোটি টাকা; বাজার নির্মাণসহ ভৌতঅবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাতে ৬২ কোটি ২৫ লক্ষ টাকা এবং পরিবেশ উন্নয় খাতে ১৯ কোটি ২০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে । বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের যন্ত্রপাতি ক্রয়ে ১৮কোটি টাকা ও স্বাস্থ্য বিভাগের আওতায় মশক নিয়ন্ত্রণ কার্যক্রম, মশার ঔষধ  ও অন্যান্য যন্ত্রপাতি ক্রয়ের জন্য ২৩কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে । চলতি বছরের বাজেটে উন্নয়ন খাতে সর্বমোট ১৯৬২ কোটি ৮০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে যা মোট বাজেটের প্রায় ৭৬ শতাংশ ।

**সুধিমন্ডলী**

ডিএনসিসি'র সকল কর্মকান্ডে সম্মানিত নগরবাসীসহ গণমাধ্যমকর্মীদের সক্রিয় ও আন্তরিক সহযোগিতা কামনা করছি । আমাদের সার্বিক কর্মকান্ড সম্পর্কে আপনাদের গঠনমূলক ও বাস্তবধর্মী সমালোচনা আশা করছি । সবশেষে মহানগরীর নানাবিধ সমস্যার সমাধান এবং নাগরিক জীবনের বিভিন্ন সুযোগ সুবিধা নিশ্চিতকল্পে আজ যে বাজেট ঘোষণা করা হল তার সুষ্ঠু বাস্তবায়নে আমি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি ।

**মো: ওসমান গণি**
প্যানেল মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

৩০ জুলাই ২০১৮

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## এক নজরে বাজেট

## অর্থ বছর ২০১৮-২০১৯

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| | প্রারম্ভিক স্থিতি | ২১৬.০০ | ২৯৩.৬৬ | **২০৩.২৫** |
| | আয় ঃ | | | |
| ১ | রাজস্ব | ৯৭৭.৬৫ | ৬৪২.৬৪ | ৮৫৭.২০ |
| ২ | অন্যান্য | ১১.৫০ | ২৯.১২ | ৭.০০ |
| ৩ | সরকারি অনুদান (থোক) | ১০০.০০ | ২২.০০ | ১৫০.০০ |
| ৪ | সরকারি বিশেষ অনুদান | ৫০.০০ | ৩১.০০ | ৫০.০০ |
| | মোট | ১১৩৯.১৫ | ৭২৪.৭৬ | ১০৬৪.২০ |
| ৫ | সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প | ১০২৯.৬৫ | ৬৫৯.৭৯ | ১৩০০.০০ |
| | **সর্বমোট আয়** | **২৩৮৪.৮০** | **১৬৭৮.২১** | **২৫৬৭.৪৫** |
| | ব্যয় ঃ | | | |
| ১ | রাজস্ব ব্যয় | ৪৩৪.৭০ | ৩৩৮.১২ | ৪৩৬.৪০ |
| ২ | অন্যান্য ব্যয় | ৯.৫০ | ২.০০ | ১১.০০ |
| ৩ | উন্নয়ন ব্যয় ঃ | | | |
| ৩.১ | উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস,সরকারি থোক) | ৭৯১.১০ | ৪৭৫.০৫ | ৬৬২.৮০ |
| ৩.২ | উন্নয়ন ব্যয়(সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প) | ১০২৯.৬৫ | ৬৫৯.৭৯ | ১৩০০.০০ |
| | উপমোট–উন্নয়ন ব্যয় | ১৮২০.৭৫ | ১১৩৪.৮৪ | ১৯৬২.৮০ |
| | সমাপনী স্থিতি | ১১৯.৮৫ | ২০৩.২৫ | ১৫৭.২৫ |
| | **সর্বমোট ব্যয়** | **২৩৮৪.৮০** | **১৬৭৮.২১** | **২৫৬৭.৪৫** |

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব আয়সহ অন্যান্য আয়ের বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| | প্রারম্ভিক স্থিতি | ২১৬.০০ | ২৯৩.৬৬ | ২০৩.২৫ |
| | **রাজস্ব আয় ঃ** | | | |
| ১ | কর (হোল্ডিং, পরিচ্ছন্ন,লাইটিং) | ৪৮৫.০০ | ২৮৫.০০ | ৪০০.০০ |
| ২ | বাজার সালামী | ১২০.০০ | ০.৫০ | ৫০.০০ |
| ৩ | বাজার ভাড়া | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| ৪ | ট্রেড লাইসেন্স | ৬০.০০ | ৫৫.০০ | ৬০.০০ |
| ৫ | রিক্সা লাইসেন্স ফি | ০.৩০ | ০.০৫ | ১.০০ |
| ৬ | প্রমোদ কর | ২.০০ | ২.৫৫ | ২.৫০ |
| ৭ | সম্পত্তি হস্তান্তর কর | ১৮০.০০ | ১৭০.০০ | ২০০.০০ |
| ৮ | নগর ট্যাক্স | ১.০০ | ০.০৫ | ১.০০ |
| ৯ | ক্ষতিপূরণ (অকট্রয়) | ১.০০ | ১.০০ | ১.০০ |
| ১০ | বিজ্ঞাপন | ৬.০০ | ৫.০০ | ৭.০০ |
| ১১ | বাস/ট্রাক টার্মিনাল | ১০.০০ | ৮.০০ | ৮.০০ |
| ১২ | গরুর হাট (কোরবানীর হাটসহ) | ২১.০০ | ২২.০০ | ২৫.০০ |
| ১৩ | ইজারা (টয়লেট,ঘাট ইত্যাদি) | ০.৫০ | ১.৫০ | ১.৫০ |
| ১৪ | পুরাতন অকেজো মালামাল বিক্রয় | ০.২৫ | ০.১৫ | ০.২৫ |
| ১৫ | জবাইখানা ইজারা | ০.৪০ | ০.০২ | ০.১০ |
| ১৬ | সড়ক খনন ফি | ৫০.০০ | ৫৫.০০ | ৬০.০০ |
| ১৭ | ঠিকাদার তালিকা ভূক্তি ফি/নবায়ন | ০.১০ | ০.০০ | ০.০০ |
| ১৮ | যন্ত্রপাতি ভাড়া | ০.১০ | ০.১২ | ০.১৫ |
| ১৯ | সিডিউল ও অন্যান্য ফরম বিক্রয় | ০.৫০ | ০.২৫ | ০.২০ |
| ২০ | কমিউনিটি সেন্টার ভাড়া | ২.০০ | ২.৪৫ | ২.৫০ |
| ২১ | কবরস্থান, শ্মশানঘাট | ৪.০০ | ৬.০০ | ৬.০০ |
| ২২ | বিদ্যুৎ বিল আদায় | ১২.০০ | ৭.৫০ | ১০.০০ |
| ২৩ | বিবাহ,জন্ম ও মৃত্যু | ৫.০০ | ২.৫০ | ৩.০০ |
| ২৪ | অন্যান্য ভাড়া | ২.৫০ | ২.০০ | ২.০০ |
| ২৫ | অন্যান্য | ৪.০০ | ৬.০০ | ৬.০০ |
| | **মোট রাজস্ব আয়** | **৯৭৭.৬৫** | **৬৪২.৬৪** | **৮৫৭.২০** |
| | **অন্যান্য আয়** | | | |
| ১ | অপ্রয়োজনীয়/অব্যবহার্য সম্পদ বিক্রয় ও অন্যান্য | ৫.০০ | ২৮.০০ | ৫.০০ |
| ২ | ঋণ গ্রহন | ১.০০ | ০.০০ | ১.০০ |
| ৩ | ঋণ আদায় (কর্মকর্তা/কর্মচারীদের গৃহ-নির্মাণ ঋণ ও অন্যান্য) | ০.৫০ | ১.১২ | ১.০০ |
| ৪ | বিলুপ্ত ঢাকা সিটি কর্পোরেশনের স্থিতি থেকে প্রাপ্তি | ৫.০০ | ০.০০ | ০.০০ |
| | মোট= | ১১.৫০ | ২৯.১২ | ৭.০০ |
| ১ | সরকারি অনুদান (থোক) | ১০০.০০ | ২২.০০ | ১৫০.০০ |
| ২ | সরকারি বিশেষ অনুদান | ৫০.০০ | ৩১.০০ | ৫০.০০ |
| ৩ | সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প | ১০২৯.৬৫ | ৬৫৯.৭৯ | ১৩০০.০০ |
| | মোট | ১১৭৯.৬৫ | ৭১২.৭৯ | ১৫০০.০০ |
| | **সর্বমোট আয়** | **২৩৮৪.৮০** | **১৬৭৮.২১** | **২৫৬৭.৪৫** |

নোট ঃ "উন্নয়ন থোক" হিসেবে সরকারি বিশেষ অনুদান পাওয়া গেলে খাত ভিত্তিক প্রকল্প গ্রহন/ব্যয় করা হবে ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়সহ অন্যান্য ও উন্নয়ন ব্যয়ের সারাংশ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| | **রাজস্ব ব্যয় ঃ** | | | |
| ১ | বেতন, পারিশ্রমিক ও ভাতা | ১৭৫.০০ | ১৩৬.০০ | ১৭৫.০০ |
| ২ | বিদ্যুৎ,জ্বালানী ও পানি | ৫৬.০০ | ৪৪.২০ | ৫৮.৫০ |
| ৩ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ২৫.২৫ | ২২.৩৫ | ৩০.২৫ |
| ৪ | মশক নিয়ন্ত্রণ কার্যক্রম(মনিটরিং/সার্ভাইলেন্সসহ) | ২০.০০ | ১৭.৫০ | ২১.০০ |
| ৫ | সরবরাহ | ২২.৬৫ | ১২.৪০ | ২২.৯৫ |
| ৬ | ভাড়া,রেটস্ ও কর | ৬.৩০ | ৮.৪২ | ১৩.০০ |
| ৭ | কল্যাণমূলক ব্যয় | ২৭.০৫ | ১৭.৪০ | ১২.৫০ |
| ৮ | ভ্রমণ ও যাতায়াত | ০.০৫ | ০.০৫ | ০.১০ |
| ৯ | ডাক,তার ও দূরালাপনী | ০.৩০ | ০.১৬ | ০.৫০ |
| ১০ | আতিথেয়তা ও উৎসব | ৬.০০ | ২.০০ | ৩.৫০ |
| ১১ | সুদ | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ১২ | বিজ্ঞাপন ও প্রচারণা | ৩.০০ | ১.৪৬ | ৩.০০ |
| ১৩ | ফি | ২৩.৫০ | ৭.৪৫ | ৮.৫০ |
| ১৪ | প্রশিক্ষণ ও বিভিন্ন সংস্থার চাঁদা | ২.৫০ | ০.৩৩ | ২.৮০ |
| ১৫ | বীমা | ০.২৫ | ০.২৫ | ০.২৫ |
| ১৬ | নগরীর বর্জ্য ব্যবস্থাপনা | ৬০.০০ | ৬২.৯৫ | ৭৮.০০ |
| ১৭ | মোবাইল কোর্ট/উচ্ছেদ/ভেজাল বিরোধী অভিযান | ১.০০ | ০.২০ | ০.৪৫ |
| ১৮ | অঞ্চলের প্রশাসনিক ব্যয় | ০.৭৫ | ০.০০ | ১.০০ |
| ১৯ | বিবিধ ব্যয় | ৫.০০ | ৫.০০ | ৫.০০ |
| | **মোট রাজস্ব ব্যয়** | **৪৩৪.৭০** | **৩৩৮.১২** | **৪৩৬.৪০** |
| | **অন্যান্য ব্যয় ঃ** | | | |
| ১ | ঋণ পরিশোধ/ডিএসএল/মামলা সংক্রান্ত ও অন্যান্য | ৫.০০ | ০.২৫ | ৫.০০ |
| ২ | সালামী ফেরৎ | ৩.০০ | ১.৫০ | ৩.০০ |
| ৩ | গৃহ নির্মাণ ও মটর সাইকেল অন্যান্য অগ্রিম | ১.০০ | ০.০০ | ২.৫০ |
| ৪ | সাময়িক ঋণ প্রদান | ০.৫০ | ০.২৫ | ০.৫০ |
| | **মোট অন্যান্য ব্যয়** | **৯.৫০** | **২.০০** | **১১.০০** |
| | **উন্নয়ন ব্যয় ঃ** | | | |
| ১ | উন্নয়ন বাজেট(নিজস্ব উৎস ও সরকারি অনুদান) | ৭৪১.১০ | ৪৭৫.০৫ | ৬১২.৮০ |
| ২ | সরকারি বিশেষ অনুদান | ৫০.০০ | -- | ৫০.০০ |
| ৩ | সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প | ১০২৯.৬৫ | ৬৫৯.৭৯ | ১৩০০.০০ |
| | **মোট উন্নয়ন ব্যয়** | **১৮২০.৭৫** | **১১৩৪.৮৪** | **১৯৬২.৮০** |
| | সমাপনী স্থিতি | ১১৯.৮৫ | ২০৩.২৫ | ১৫৭.২৫ |
| | **সর্বমোট ব্যয়** | **২৩৮৪.৮০** | **১৬৭৮.২১** | **২৫৬৭.৪৫** |

নোট ঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভার সহ ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| | **রাজস্ব ব্যয় ঃ** | | | |
| ১ | **বেতন, পারিশ্রমিক ও ভাতা** | **১৭৫.০০** | **১৩৬.০০** | **১৭৫.০০** |
| ২ | **বিদ্যুৎ, জ্বালানী ও পানি ঃ** | **৫৬.০০** | **৪৪.২০** | **৫৮.৫০** |
| ২.১ | বিদ্যুৎ | ২২.০০ | ১৭.০০ | ২৩.০০ |
| ২.২ | গাড়ির জ্বালানী (তৈল,গ্যাস, ইত্যাদি) | ৩২.০০ | ২৬.০০ | ৩৩.০০ |
| ২.৩ | পানি | ১.৫০ | ১.০০ | ২.০০ |
| ২.৪ | গ্যাস | ০.৫০ | ০.২০ | ০.৫০ |
| ৩ | **মেরামত ও রক্ষণবেক্ষণ ঃ** | **২৫.২৫** | **২২.৩৫** | **৩০.২৫** |
| ৩.১ | মেরামত ও রক্ষনাবেক্ষণ (পুরকৌশল) | ৪.০০ | ৩.০০ | ৩.০০ |
| ৩.২ | মেরামত ও রক্ষনাবেক্ষণ (টিইসি) | --- | ০.২৫ | ১.৫০ |
| ৩.৩ | যান্ত্রিক | ৪.৫০ | ৫.১০ | ৪.৫০ |
| ৩.৪ | বিদ্যুৎ | ৪.৫০ | ৩.০০ | ৬.০০ |
| ৩.৫ | বাজার (বিদ্যুৎ) | ৩.৫০ | ১.০০ | ২.৫০ |
| ৩.৬ | বাজার (টিইসি) | --- | ০.৪০ | ১.০০ |
| ৩.৭ | টয়লেট | ০.২৫ | ০.৭০ | ০.২৫ |
| ৩.৮ | সলিডওয়েস্ট ওয়ার্কশপ | ২.৫০ | ২.০০ | ২.০০ |
| ৩.৯ | প্রধান কার্যালয় মেরামত ও রক্ষণাবেক্ষণ | ১.০০ | ০.০০ | ১.০০ |
| ৩.১০ | ট্রাকের বডি নির্মাণ/হাতগাড়ি/ কন্টেইনার বক্স নির্মাণের মালামালসহ মেরামত | ২.০০ | ২.০০ | ২.০০ |
| ৩.১১ | বাস/ট্রাক টার্মিনাল | ০.৫০ | ০.০০ | ১.০০ |
| ৩.১২ | বর্জ্য বিভাগের বিভিন্ন স্থাপনা রক্ষণাবেক্ষন | ০.৫০ | ০.৪০ | ০.৫০ |
| ৩.১৩ | ইউটিলিটি প্রতিস্থাপন | ২.০০ | ৪.৫০ | ৫.০০ |
| ৪ | **মশক নিয়ন্ত্রণ কার্যক্রম ঃ** | **২০.০০** | **১৭.৫০** | **২১.০০** |
| ৪.১ | মশক ঔষধ | ১৮.০০ | ১৫.০০ | ১৮.০০ |
| ৪.২ | কচুরিপানা/আগাছা পরিস্কার ও পরিচর্যা | ১.০০ | ০.৫০ | ১.০০ |
| ৪.৩ | ফগার/হুইল/স্প্রেমেশিন পরিবহন | ১.০০ | ২.০০ | ২.০০ |
| ৫ | **সরবরাহ ঃ** | **২২.৬৫** | **১২.৪০** | **২২.৯৫** |
| ৫.১ | মটর গাড়ির যন্ত্রাংশ(টায়ার-টিউবসহ) | ৪.৫০ | ৩.০০ | ৪.০০ |
| ৫.২ | কম্পিউটার এক্সেসরীজ,টোনার কালি | ১.০০ | ১.০০ | ১.০০ |
| ৫.৩ | রং ও অন্যান্য মালামাল | ০.২০ | ০.২০ | ০.১০ |
| ৫.৪ | জরুরী মালামাল(যান্ত্রিক) | ৪.৫০ | ৩.০০ | ৩.০০ |
| ৫.৫ | জরুরী মালামাল (পুরকৌশল) | --- | ০.৫০ | ১.২৫ |
| ৫.৬ | বৈদ্যুতিক মালামাল(তার,ক্যাবল,টিউব লাইট, ইত্যাদি) | ৪.০০ | ০.৮৫ | ৩.০০ |
| ৫.৭ | বর্জ্য ব্যবস্থাপনা কাজের ব্যবহৃত সামগ্রী | ২.০০ | ১.৬০ | ২.০০ |
| ৫.৮ | মনোহরী | ১.২৫ | ১.০০ | ১.৫০ |
| ৫.৯ | মুদ্রন (বাঁধাইসহ) | ১.৭৫ | ০.৭৫ | ৪.৫০ |
| ৫.১০ | পোষাক,ছাতা-জুতা ইত্যাদি | ১.৫০ | ০.২৭ | ১.৫০ |
| ৫.১১ | সাবান | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ৫.১২ | ব্লিচিং পাউডার/কেমিক্যাল | ০.২৫ | ০.০৮ | ০.২৫ |
| ৫.১৩ | প্রানী ব্যবস্থাপনা | ১.০০ | ০.০০ | ০.২৫ |
| ৫.১৪ | প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা/স্বাস্থ্য শিক্ষা | ০.২০ | ০.১০ | ০.২৫ |
| ৫.১৫ | জন্ম নিবন্ধন কর্মসূচি | ০.৪০ | ০.০৫ | ০.২৫ |

**নোট ঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভার সহ।**

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| ৬ | **ভাড়া, রেটস ও কর ঃ** | ৬.৩০ | ৮.৪২ | ১৩.০০ |
| ৬.১ | বাড়ি ভাড়া (কাউন্সিলর অফিসসহ) | ০.৫০ | ০.৫০ | ০.৫০ |
| ৬.২ | গাড়ি ফিটনেস্ ও ট্যাক্স | ০.২৫ | ০.০০ | ০.২৫ |
| ৬.৩ | ভূমি উন্নয়ন কর | ২.৫০ | ০.২৫ | ৪.০০ |
| ৬.৪ | হায়ারিং চার্জ (বাস ভাড়াসহ) | ০.৭৫ | ০.৪০ | ১.০০ |
| ৬.৫ | হাট বাজার ইজারা হতে মুক্তিযোদ্ধাদের অংশ | ০.৬০ | ০.৫০ | ০.৭৫ |
| ৬.৬ | ৭- ভূমি রাজস্ব | ১.৫০ | ৬.৭২ | ৬.০০ |
| ৬.৭ | ডিএনসিসির ভূমি ও বিভিন্ন স্থাপনার রেকর্ড সংগ্রহ ও সংরক্ষন | ০.২০ | ০.০৫ | ০.৫০ |
| ৭ | **কল্যাণমূলক ব্যয় ঃ** | ২৭.০৫ | ১৭.৪০ | ১২.৫০ |
| ৭.১ | মসজিদ/মাদ্রাসা(ধর্মীয় প্রতিষ্ঠান) অনুদান | ০.৫০ | ০.১৩ | ১.০০ |
| ৭.২ | ক্রীড়া সাংস্কৃতিক | ০.৩৫ | ০.০৭ | ১.০০ |
| ৭.৩ | প্রাকৃতিক দুর্যোগ(বন্যা,দুর্ঘটনা ও অগ্নিকান্ড) | ১.০০ | ০.১০ | ১.০০ |
| ৭.৪ | সমাজকল্যাণমূলক কার্যক্রম | ০.৫০ | ০.১০ | ১.০০ |
| ৭.৫ | দারিদ্র ও মেধাবী ছাত্রদের বৃত্তি | ১.০০ | ০.০০ | ১.০০ |
| ৭.৬ | মেয়র মহোদয়ের ঐচ্ছিক তহবিল | ২২.৫০ | ১৫.০০ | ৫.০০ |
| ৭.৭ | শিশুদের জন্য অনুদান ও পুর্নবাসন | ০.২০ | ০.০০ | ০.৫০ |
| ৭.৮ | ধর্মীয় উৎসব অনুষ্ঠান | ১.০০ | ২.০০ | ২.০০ |
| ৮ | **ভ্রমণ ও যাতায়াত** | ০.০৫ | ০.০৫ | ০.১০ |
| ৯ | **ডাক,তার ও দুরালাপনী ফ্যাক্স** | ০.৩০ | ০.১৬ | ০.৫০ |
| ১০ | **আতিথেয়তা ও উৎসব** | ৬.০০ | ২.০০ | ৩.৫০ |
| ১০.১ | আতিথেয়তা | ৩.০০ | ১.০০ | ১.৫০ |
| ১০.২ | উৎসব(জাতীয় উৎসব ও নাগরিক সংবর্ধনা ইত্যাদি) | ৩.০০ | ১.০০ | ২.০০ |
| ১১ | **সুদ** | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ১২ | **বিজ্ঞাপন ও প্রচারণা** | ৩.০০ | ১.৪৬ | ৩.০০ |
| ১৩ | **ফি ঃ** | ২৩.৫০ | ৭.৪৫ | ৮.৫০ |
| ১৩.১ | কারিগরী উপদেষ্টা/সার্ভে ফি/কনসালটেন্সি | ২০.০০ | ৫.০০ | ৫.০০ |
| ১৩.২ | গাড়ি রেজিস্ট্রেশন ফি | ০.৫০ | ০.১০ | ০.২৫ |
| ১৩.৩ | আইনজীবিদের ফি | ২.০০ | ২.২৫ | ২.২৫ |
| ১৩.৪ | উপদেষ্টা ফি (কম্পিউটাররায়নসহ) | ০.৫০ | ০.০০ | ০.৫০ |
| ১৩.৫ | ওয়ার্ড ও অঞ্চল ভিত্তিক মানচিত্র প্রণয়ন ফি | ০.৫০ | ০.১০ | ০.৫০ |
| ১৪ | **প্রশিক্ষণ ও বিভিন্ন সংস্থার চাঁদা ঃ** | ২.৫০ | ০.৩৩ | ২.৮০ |
| ১৪.১ | বিদেশে প্রতিনিধি প্রেরণ | ১.০০ | ০.০০ | ১.০০ |
| ১৪.২ | আন্তর্জাতিক নগরসমূহের সংগে দ্বি-পাক্ষিক সম্পর্ক | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ১৪.৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ (দেশে ও বিদেশে) | ১.০০ | ০.৩০ | ১.০০ |
| ১৪.৪ | সিটিনেট/আইসিএলইআইও এর চাঁদা ও আনুসাঙ্গিক | ০.১০ | ০.০৩ | ০.১০ |
| ১৪.৫ | ওআইসি-এর বার্ষিক চাঁদা | ০.০৫ | ০.০০ | ০.১০ |
| ১৪.৬ | ওয়ার্ল্ড কনফারেন্স অব মেয়র-এর বার্ষিক চাঁদা | ০.০৫ | ০.০০ | ০.১০ |
| ১৪.৭ | সার্ক মেয়র ফোরাম-এর চাঁদা | ০.০৫ | ০.০০ | ০.১০ |
| ১৪.৮ | সেমিনার/সিম্পোজিয়াম | ০.০৫ | ০.০০ | ০.১০ |
| ১৪.৯ | কমনওয়েলথ লোকাল গভ; এর চাঁদা | ০.০৫ | ০.০০ | ০.১০ |
| ১৪.১০ | ওয়ার্ল্ডই-গভ;অরগানাইজেশন অব সিটিজ এন্ড লোকাল গভ; এর চাঁদা/অন্যান্য প্রতিষ্ঠানের চাঁদা | ০.০৫ | ০.০০ | ০.১০ |

**নোট ঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভার সহ ।**

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| ১৫ | বীমা ঃ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ |
| ১৫.১ | মালামাল আমদানী | ০.০৫ | ০.০৫ | ০.০৫ |
| ১৫.২ | যানবাহনের বীমা | ০.০৫ | ০.০৫ | ০.০৫ |
| ১৫.৩ | গোষ্ঠী বীমা | ০.১৫ | ০.১৫ | ০.১৫ |
| ১৬ | নগরীর বর্জ্য ব্যবস্থাপনা ঃ | ৬০.০০ | ৬২.৯৫ | ৭৮.০০ |
| ১৬.১ | কমিউনিটি ওয়েষ্ট ম্যানেজমেন্ট | ০.৫০ | ০.০৫ | ০.৫০ |
| ১৬.২ | বেসরকারি বর্জ্য ব্যবস্থাপনা | ৪৫.০০ | ৫৮.০০ | ৬৫.০০ |
| ১৬.৩ | বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রম | ৬.০০ | ২.২০ | ৫.০০ |
| ১৬.৪ | ড্রেন ক্লিনিং | ৪.৫০ | ১.৩০ | ৫.০০ |
| ১৬.৫ | ল্যান্ড ফিল্ড অপারেশন | ৪.০০ | ১.৪০ | ২.৫০ |
| ১৭ | মোবাইল কোর্ট/ উচ্ছেদ/ ভেজাল বিরোধী অভিযান | ১.০০ | ০.২০ | ০.৪৫ |
| ১৮ | অঞ্চলের প্রশাসনিক ব্যয় | ০.৭৫ | ০.০০ | ১.০০ |
| ১৯ | বিবিধ ব্যয় | ৫.০০ | ৫.০০ | ৫.০০ |
| | মোট রাজস্ব ব্যয় | ৪৩৪.৭০ | ৩৩৮.১২ | ৪৩৬.৪০ |

**নোট ঃ বৈদেশিক ব্যয়, বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য**

**নোট ঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভার সহ।**

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| ১ | **সড়ক ও ট্রাফিক অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ঃ** | **২৭৮.০০** | **২২৬.৪৫** | **২৬৪.০০** |
| ১.১ | সড়ক,ফুটপাত ও সারফেস ড্রেন | ১৮০.০০ | ১৭০.০০ | ১৮০.০০ |
| ১.২ | সড়ক,ফুটপাত ও সারফেস ড্রেন (এ্যাসফল্ট যান্ত্রিক) | ৮.০০ | ৩.০০ | ৫.০০ |
| ১.৩ | সড়ক,ফুটপাত ও সারফেস ড্রেন (এ্যাসফল্ট-পুরকৌশল) | --- | ২.০০ | ১০.০০ |
| ১.৪ | সড়ক,ফুটপাত ও সারফেস ড্রেন (সিমেন্ট কনক্রিটের) | ৫.০০ | ৭.০০ | ৫.০০ |
| ১.৫ | সড়কের মিডিয়ান | ১.০০ | ০.৫০ | ১.০০ |
| ১.৬ | সড়ক খনন | ৪০.০০ | ৩০.০০ | ২৫.০০ |
| ১.৭ | সড়ক বিদ্যুৎতায়ন | ৩০.০০ | ৮.০০ | ২৫.০০ |
| ১.৮ | ফুটওভার ব্রীজ/আন্ডারপাস/ব্রীজ | ৮.০০ | ৩.০০ | ১০.০০ |
| ১.৯ | বাস/ট্রাক টার্মিনাল | ৪.০০ | ০.২৫ | ১.০০ |
| ১.১০ | ট্রাফিক অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | ২.০০ | ২.৭০ | ২.০০ |
| ২ | **কবরস্থান/শ্মশানঘাট সংস্কার ও উন্নয়ন ঃ** | **২৩.২৫** | **৭.৫০** | **৪.৭৫** |
| ২.১ | কবরস্থান | ২০.০০ | ৭.০০ | ৩.০০ |
| ২.২ | শশ্মানঘাট | ২.০০ | ০.০০ | ০.৫০ |
| ২.৩ | বৌদ্ধ ধর্মাবলম্বীদের শেষকৃত্য স্থান নির্মাণ | ০.২৫ | ০.০০ | ০.২৫ |
| ২.৪ | মসজিদ নির্মান ও উন্নয়ন | ১.০০ | ০.৫০ | ১.০০ |
| ৩ | **নাগরিক ও বিনোদনমূলক সুবিধাদি উন্নয়ন ঃ** | **৮.০০** | **৩.৫০** | **৩.০০** |
| ৩.১ | পার্ক উন্নয়ন | ৬.৫০ | ২.৫০ | ২.০০ |
| ৩.২ | খেলার মাঠ | ১.৫০ | ১.০০ | ১.০০ |
| ৪ | **ভৌত অবকাঠামো নির্মাণ, উন্নয়ন/রক্ষণাবেক্ষণ** | **৪২.৩০** | **২৩.০০** | **৬২.২৫** |
| ৪.১ | আঞ্চলিক অফিস ও অন্যান্য স্থাপনা | ২.০০ | ০.৭০ | ১.০০ |
| ৪.২ | কমিউনিটি সেন্টার | ৬.০০ | ০.৩০ | ১৫.০০ |
| ৪.৩ | শরীরচর্চা কেন্দ্র | ০.২৫ | ০.০০ | ০.২৫ |
| ৪.৪ | কাউন্সিলর অফিস ও লাইব্রেরী | ১.০০ | ০.৫০ | ১.০০ |
| ৪.৫ | বাজার নির্মাণ ও উন্নয়ন | ১০.০০ | ৫.০০ | ২৫.০০ |
| ৪.৬ | অফিসার্স কোয়ার্টার | ২.০০ | ১.৫০ | ০.৫০ |
| ৪.৭ | স্টাফ কোয়ার্টার | ১৫.০০ | ১৩.৫০ | ১৫.০০ |
| ৪.৮ | জবাইখানা | ০.৫০ | ০.০০ | ০.৫০ |
| ৪.৯ | পশুর হাট | ০.৫০ | ০.০০ | ০.৫০ |
| ৪.১০ | হাসপাতাল ও মাতৃসদন | ০.৫০ | ০.০০ | ০.৫০ |
| ৪.১১ | পরিচ্ছন্নকর্মীদের আবাসন | ০.২৫ | ০.০০ | ০.২৫ |
| ৪.১২ | কার পার্কিং | ১.০০ | ০.১০ | ০.৫০ |
| ৪.১৩ | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য ওয়ার্ড অফিস নির্মাণ | ২.০০ | ০.৮০ | ১.০০ |
| ৪.১৪ | ওয়েষ্ট ম্যানেজম্যান্ট ওয়ার্কশপ | ০.৩০ | ০.১০ | ০.২৫ |
| ৪.১৫ | নগর ভবন নির্মাণ | ১.০০ | ০.৫০ | ১.০০ |

**নোট ঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভার সহ ।**

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| | | | | |
| ৫ | **পরিবেশ উন্নয়ন ঃ** | ৩৪.৭০ | ২০.০০ | ১৯.২০ |
| ৫.১ | বৃক্ষ রোপণ/বনায়ন | ৫.০০ | ০.৫০ | ১.০০ |
| ৫.২ | বস্তি এলাকার অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন | ১.০০ | ১.৫০ | ১.০০ |
| ৫.৩ | সৌন্দর্য বৃদ্ধিকরণ | ৫.০০ | ১.০০ | ২.০০ |
| ৫.৪ | সেকেন্ডারী ট্রান্সফার ষ্টেশন | ৩.০০ | ০.০০ | ১.৫০ |
| ৫.৫ | পাবলিক টয়লেট | ০.৫০ | ০.৫০ | ০.৫০ |
| ৫.৬ | নগর প্রত্নতাত্ত্বিক নির্দশন স্থাপন | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ৫.৭ | ল্যান্ড ফিল্ড রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন | ২০.০০ | ১৬.৫০ | ১৩.০০ |
| ৫.৮ | জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ৬ | বিশেষ উন্নয়ন প্রকল্প | ৭৫.০০ | ৪০.০০ | ৫৫.০০ |
| ৭ | নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান | ০.০০ | ০.০০ | ১.০০ |
| ৮ | ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন | ৫.০০ | ০.০০ | ১.০০ |
| ৯ | জিওবি প্রকল্পে ডিএনসিসির অংশ/অর্থায়ন | ১৮১.০০ | ১০২.৫০ | ১৭০.০০ |
| ১০ | সরঞ্জাম, যন্ত্রপাতি সম্পদ ক্রয় (পরিশিষ্ট-"ক") | ৯৩.৮৫ | ৫২.১০ | ৩২.৬০ |
| | **মোট** (নিজস্ব উৎস ও সরকারি অনুদান) | ৭৪১.১০ | ৪৭৫.০৫ | ৬১২.৮০ |
| ১১ | উন্নয়ন থোক | ৫০.০০ | --- | ৫০.০০ |
| ১২ | সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প(পরিশিষ্ট"খ") | ১০২৯.৬৫ | ৬৫৯.৭৯ | ১৩০০.০০ |
| | **মোট উন্নয়ন ব্যয়** | ১৮২০.৭৫ | ১১৩৪.৮৪ | ১৯৬২.৮০ |

**নোট ঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভার সহ ।**

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

পরিশিষ্ট-"ক"

## উন্নয়ন বাজেটের ১০ নং ক্রমিকের সরঞ্জাম, যন্ত্রপাতি ও সম্পদ ক্রয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| ১ | যান্ত্রিক বিভাগের মাধ্যমে যন্ত্রপাতি আধুনিকীকরণ,উন্নয়ন ও ক্রয় | ২২.০০ | ৬.০০ | ৫.০০ |
| ২ | হালকা যানবাহন ক্রয় (ভিটিএস স্থাপন) | ৫.০০ | ১.০০ | ১.০০ |
| ৩ | বিদ্যুৎ বিভাগের যন্ত্রপাতি | ০.০০ | ০.০০ | ০.৫০ |
| ৪ | বেতার যন্ত্র(ব্যাটারী ও যন্ত্রাংশসহ) | ০.৫০ | ০.০০ | ১.৪০ |
| ৫ | টেলিফোন সেট,ফ্যাক্স ও খুচরা যন্ত্রাংশ | ০.২০ | ০.০০ | ০.১০ |
| ৬ | জেনারেটর/লিফট ক্রয় এবং স্থাপন | ০.৫০ | ০.০০ | ১.০০ |
| ৭ | এয়ারকুলার ক্রয় এবং স্থাপন | ০.৫০ | ০.০০ | ০.৫০ |
| ৮ | ইন্টারকম সেট/পিএবিএক্স স্থাপন | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ৯ | বর্জ্য বিভাগের মাধ্যমে যন্ত্রপাতি আধুনিকীকরণ,উন্নয়ন ও ক্রয় | ২০.০০ | ২৮.০০ | ১৪.৫০ |
| ১০ | হাতগাড়ি কন্টেইনার বক্স ও বীন | ৫.০০ | ০.০০ | ২.০০ |
| ১১ | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের ট্রাক,মটরসাইকেল | ১০.০০ | ০.০০ | ১.০০ |
| ১২ | ক্লিনিং মেশিন | ২০.০০ | ১৫.০০ | ০.৫০ |
| ১৩ | কম্পিউটার (নেটওয়ার্কসহ) | ২.০০ | ১.৫০ | ১.০০ |
| ১৪ | ফটোকপিয়ার, মাল্টিমিডিয়া ও বিবিধ সম্পদক্রয় | ১.৫০ | ০.১০ | ০.৫০ |
| ১৫ | মশক নিয়ন্ত্রণ যন্ত্রপাতি | ৩.০০ | ০.০০ | ২.০০ |
| ১৬ | স্বাস্থ্য বিভাগের যন্ত্রপাতি(মাতৃসদন/হাসপাতাল/এ্যাম্বুলেন্স ক্রয়) | ০.৫০ | ০.০০ | ০.১০ |
| ১৭ | খাদ্য পরিক্ষাগার | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ১৮ | আসবাবপত্র | ২.৫০ | ০.৫০ | ১.০০ |
| ১৯ | অগ্নিনির্বাপক যন্ত্রপাতি | ০.২০ | ০.০০ | ০.১০ |
| ২০ | লাইব্রেরী | ০.১০ | ০.০০ | ০.১০ |
| ২১ | শরীরচর্চা কেন্দ্রের জন্য ব্যবহৃত সামগ্রী | ০.১৫ | ০.০০ | ০.১০ |
| | মোট ঃ | ৯৩.৮৫ | ৫২.১০ | ৩২.৬০ |

**নোট ঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভার সহ।**

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন


পরিশিষ্ট-"খ"

## বিষয় ঃ-সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের বিবরণ

(কোটি টাকায়)

| ক্রমিক নম্বর | খাত | বাজেট ২০১৭-২০১৮ | সংশোধিত বাজেট ২০১৭-২০১৮ | বাজেট ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|
| | সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প ঃ | | | |
| ১.১ | ঢাকা শহরের ৩টি পাইকারী কাঁচা বাজার নির্মান প্রকল্প। | ০.০০ | ০.০০ | ০.০১ |
| ১.২ | মিরপুর গ্রামীণ ব্যাংক হতে আগারগাঁও পর্যন্ত সড়ক নির্মাণ প্রকল্প। | ০.০১ | ০.০০ | ০.০০ |
| ১.৩ | নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্প (ডিএনসিসি অংশ) আইডিএ ফান্ড | ২৫.৫০ | ১৮.৩৭ | ১৩.১২ |
| ১.৪ | উত্তরা আদর্শ শহরের ১, ৩-১৪ নং সেকটরের রাস্তা, নর্দমা এবং ফুটপাত নির্মাণ ও উন্নয়ন। | ১৬.৫৫ | ১৩.৫৫ | ০.০০ |
| ১.৫ | গুলশান, বনানী ও বারিধারা এলাকার রাস্তা, নর্দমা এবং ফুটপাত নির্মাণ ও উন্নয়ন। | ৬৬.৬০ | ৬৬.৬০ | ০.০০ |
| ১.৬ | আরবান রেজিলিয়েন্স প্রজেক্ট(ডিএনসিসি'র অংশ) আইডিএ ফান্ড | ২১২.০০ | ১৭৬.০০ | ২১২.০০ |
| ১.৭ | রোকেয়া সরণীর বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্র থেকে মিরপুর রোডের গণভবন পর্যন্ত পূর্ব-পশ্চিম সংযোগ সড়ক প্রকল্প | ৮.০০ | ৮.০৪ | ০.০০ |
| ১.৮ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন ক্ষতিগ্রস্থ সড়ক অবকাঠামো উন্নয়ন সহ নর্দমা ও ফুটপাত নির্মান প্রকল্প। | ৩০০.০০ | ৩১৯.৯৮ | ২০০.০০ |
| ১.৯ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সড়ক কাজের জন্য এ্যাসফল্ট প্লান্টে, সংশ্লিষ্ট যান-যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন প্রকল্প | ১৯.৩৫ | ০.০০ | ৯.৩৫ |
| ১.১০ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এলাকায় এলইডি সড়কবাতি, সিসিটিভি ক্যামেরা ও সিসিটিভি কন্ট্রোল সেন্টার সরবরাহ ও স্থাপন প্রকল্প। | ১০৩.৩০ | ০.০০ | ৫০.০০ |
| ১.১১ | গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনার বাসীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ। | ২.০০ | ০.২৫ | ২৫.০০ |
| ১.১২ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উম্মুক্তস্থান সমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন প্রকল্প | ৯৭.৫৮ | ৫.০০ | ৫০.০০ |
| ১.১৩ | ঢাকার তেজগাঁও সাতরাস্তা মোড় হতে উত্তরা হাউসবিল্ডিং পর্যন্ত ১১টি ইউটার্ন নির্মাণ প্রকল্প | ১৯.৪৬ | ০.০০ | ০.০১ |
| ১.১৪ | সমন্বিত ঢাকা শহর উন্নয়ন প্রকল্প-আইডিএ ফান্ড(বিএমডিএফ এর মাধ্যমে)। | ১৫৯.৩০ | ০.০০ | ১০০.০০ |
| ১.১৫ | ইসিবি চত্বর হতে মিরপুর পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ণ এবং কালশী মোড়ে ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প। | ০০.০০ | ৫২.০০ | ১০০.০০ |
| ১.১৬ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন অঞ্চলের সড়ক, নর্দমা, ফুটপাতসহ পরিবেশ উন্নয়ন ও সড়ক নিরাপত্তা প্রকল্প। | ০০.০০ | ০০.০০ | ১৫০.০০ |
| ১.১৭ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুনভাবে অর্ন্তভূক্ত ১৮(আঠার)টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ ও উন্নয়ন প্রকল্প। | ০০.০০ | ০০.০০ | ২৫০.০০ |
| ১.১৮ | মিরপুর আনসার ক্যাম্প হতে রজনীগন্ধা মার্কেট হয়ে কাকলী এবং মাটিকাটা পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প। | ০০.০০ | ০০.০০ | ৫০.০০ |
| ১.১৯ | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাড্ডা এলাকায় বহুতলা বিশিষ্ট সেবক কলোনী নির্মাণ প্রকল্প। | ০০.০০ | ০০.০০ | ৫.০০ |
| ১.২০ | বর্জ্য ব্যবস্থাপনার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে রিসোর্স রিকভারী সুবিধাদি সহ আমিনবাজার ল্যান্ডফিলের সামগ্রিক উন্নয়ন ও সম্প্রসারণ কাজ। | ০০.০০ | ০০.০০ | ৫০.০০ |
| ১.২১ | বর্জ্যের রিসোর্স রিকভারী সুবিধাদি সহ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বর্ধিতাংশের জন্য আধুনিক স্যানিটারী ল্যান্ডফিল নির্মাণ। | ০০.০০ | ০০.০০ | ৩৫.৫১ |
| | | | | |
| | মোট | ১০২৯.৬৫ | ৬৫৯.৭৯ | ১৩০০.০০ |

# Map of Dhaka North City Corporation (Including Extended Area)




"আসুন সবাই মিলে পরিচ্ছন্ন-সবুজ-পরিবেশ বান্ধব-নিরাপদ-স্বাস্থ্যকর-সচল-মানবিক-স্মার্ট ও অংশগ্রহণমূলক সুশাসিত ঢাকা গড়ে তুলি"

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশন**